

আফশোস

দুঃখের দিনে যে ধরেছে হাত
তাকে তুমি বর্জন করেছ
যে গাছ ছায়া দিল
শিকড় উপড়ে দেখতে চেয়েছ
মাটিতে কতটা নুন
বৃষ্টি তোমায় দ্রবতা দেয়নি
নদীর কাছে এই অভিযোগে
বেঁধে নিলে স্রোতের স্বচ্ছতা

আর এখন হাছতাশে হাছতাশে
শুকিয়ে দিলে আর্দ্র বাতাস

দাহ হয়ে কাকে পোড়ালে, কাকে!

অণা মুখোপাধ্যায়

